

M.A. 2nd Semester Examination, 2020 (CBCS)

বাংলা (নতুন পাঠক্রম)

পত্র : ২০৪

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

(প্রতিটি এককের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে)

একক : ১ (মান ২০)

১. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০ x ২ = ২০

ক) সুধীন্দ্রনাথ দত্তের 'উটপাখী' কবিতাটির শিল্পসৌন্দর্য বিশ্লেষণ করো।

খ) বিষ্ণু দে-র 'আমি বাংলার লোক' কবিতায় রাবীন্দ্রিক উত্তরাধিকার সম্পর্কে যে গর্ব ফুটে উঠেছে তার পরিচয় দাও।

গ) একটি রূপক কবিতা হিসেবে প্রেমেন্দ্র মিত্রের 'কাঠের সিঁড়ি' কবিতাটি যে আদর্শকে প্রতিফলিত করেছে তার পরিচয় দাও।

ঘ) শঙ্খ ঘোষের 'সঙ্গিনী' কবিতাটির শিল্পসৌন্দর্য বিশ্লেষণ করো।

পত্র ২০৪/১ -এর এক-একটি প্রশ্নের উত্তর তিন পৃষ্ঠা হিসেবে মোট ছয় পৃষ্ঠার মধ্যে দুটি উত্তর লিখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে ক্রম-অনুসারে সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে কলেজের নির্দিষ্ট করে দেওয়া মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।

একক : ২ (মান ২০)

১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

ক) প্রাচীন ভারতীয় অলংকার-শাস্ত্রের চারজন বিশিষ্ট আলংকারিক সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

খ) স্ফোটবাদ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে এই মতবাদের উপযোগিতা বুঝিয়ে দাও।

২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

ক) 'সকল শিল্পই অনুকরণাত্মক' --এই মন্তব্য মনে রেখে অ্যারিস্টটলের 'পোয়েটিকস'-এ অনুকরণ সম্পর্কে যা বলা হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

খ) অ্যারিস্টটল ট্রাজেডির ষড়ঙ্গ বলতে কী বুঝিয়েছেন তা আলোচনা করো।

পত্র ২০৪/২ -এর এক-একটি প্রশ্নের উত্তর তিন পৃষ্ঠা হিসেবে মোট ছয় পৃষ্ঠার মধ্যে দুটি উত্তর লিখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে ক্রম-অনুসারে সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে কলেজের নির্দিষ্ট করে দেওয়া মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।